

আপনার বাসস্থান কি অনিশ্চিত?

আপনি কি...

- আপনার বাসস্থান হারানোর বা আর্থিক সমস্যার কারণে আত্মীয়, বন্ধু বা অন্যদের সঙ্গে বাস করেন?
- কোনো আশ্রয়ে বাস করছেন?
- অন্য কোথাও যাওয়ার জায়গা না থাকার কারণে কোনো মোটেলে আছেন?
- কোনো অপরিষ্কার আবাসনে বাস করছেন?

আপনি কি
কোনো অস্থায়ী
ঠিকানায় বাস
করেন?

সেক্ষেত্রে আপনি ম্যাককিনি-ভেন্টো আইনের (McKinney-Vento Act) অধীনে সুরক্ষিত হতে পারেন।

অস্থায়ী বাসস্থানে বসবাসকারী শিশু ও যুবাদের নিম্নলিখিত অধিকারগুলি রয়েছে:

- প্রি-K সহ একই স্কুলে থাকা এবং বিনামূল্যে পরিবহণ পাওয়ার এমনকি তা যদি ডিস্ট্রিক্টের সীমানার বাইরে হয় তবুও;
- নথিপত্র ছাড়াই অবিলম্বে স্কুলে ভর্তি হওয়া (স্কুলের নথিপত্র, মেডিকেল রেকর্ড, টিকাকরণের নথিপত্র, বসবাসের প্রমাণ);
- শিক্ষার্থীদের বর্তমানে একটি স্বতন্ত্র শিক্ষা কার্যক্রম (Individualized Education Program, IEP) থাকলে অবিলম্বে বিশেষ শিক্ষা পরিষেবাগুলি পাওয়া;
- স্কুলের আগে বা পরের ক্রিয়াকলাপগুলি সহ যে কোনও স্কুলের ক্রিয়াকলাপে সম্পূর্ণভাবে অংশগ্রহণ করা;
- টাইটেল-1 এর মাধ্যমে স্কুল সরবরাহগুলির মতো জিনিসগুলির সাহায্য ও সহায়তা পরিষেবা পাওয়া;
- কোনো আবেদন পূরণ করা ছাড়াই বিনামূল্যে স্কুলের খাবার পাওয়া;
- প্রি-K, হেড স্টার্ট (Head Start), বা অন্যান্য প্রি-স্কুল প্রোগ্রামগুলিতে এবং আলি ইন্টারভেনশনে (Early Intervention) নথিভুক্ত করার জন্য সাহায্য পাওয়া; এবং
- কলেজে ভর্তির জন্য প্রস্তুতি নিতে এবং আবেদন করার জন্য সাহায্য পাওয়া।

আপনার
স্কুল সংক্রান্ত
গুরুত্বপূর্ণ
অধিকারগুলি
আছে!



আপনার ম্যাককিনি-ভেন্টো লিয়াজোঁর কাছে সাহায্য চান!

আরো তথ্যের জন্য, ফোন করুন

NYS-TEACHS 800-388-2014

www.nysteachs.org

আপনি কি জানেন?

অস্থায়ী বাসস্থানে শিক্ষার্থীদের সাহায্য করার জন্য প্রতিটি স্কুল ডিস্ট্রিক্টের একজন ম্যাককিনি-ভেন্টো লিয়াজোঁ থাকতে হবে।

সাহায্যের জন্য:

- ম্যাককিনি-ভেন্টো লিয়াজোঁ

ফাঁকা থাকলে লিয়াজোঁ সংক্রান্ত তথ্যের জন্য NYS-TEACHS এর সাথে 800-388-2014 নম্বরে যোগাযোগ করুন অথবা www.nysteachs.com/liaisons দেখুন

গৃহহীনদের শিক্ষার জন্য
নিউ ইয়র্ক স্টেট সমন্বয়কারী
(New York State Coordinator
for Homeless Education)
মেলানিয়া ফ্যাবি (Melanie Faby)
ইমেল: melanie.faby@nysed.gov
ওয়েব:
<http://www.nysed.gov/essa/mckinney-vento-homeless-education>